সচিব, হাব
সকল সদস্যকে
অবহিত করুন।
২৪/৩/২০১২
এম, এ, রশিদ শাহ্ সম্রাট
মহাসচিব
হজ্ব এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

হজ্জ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

## হজ্জ প্যাকেজ-২০১২ খ্রিঃ (১৪৩৩ হিজরী)

চাঁদ দেখা সাপেক্ষে আগামী ২৬ অক্টোবর ২০১২ খ্রিঃ (৯ যিলহজ্জ ১৪৩৩ হিজরী) তারিখে ২০১২ খ্রিঃ (১৪৩৩ হিজরী) সনের পবিত্র হজ্জ অনুষ্ঠিত হবে। সরকারি ব্যবস্থাপনায় ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হজ্জ এজেন্সির মাধ্যমে বেসরকারি ব্যবস্থাপনায় পবিত্র হজ্জব্রত পালনের জন্য সৌদি আরব গমন করা যাবে। বাংলাদেশ হতে এ বছর সরকারি ব্যবস্থাপনায় ১০,০০০ (দশ হাজার) ও বেসরকারি ব্যবস্থাপনায় ১,১০,০০০ (এক লক্ষ দশ হাজার) সর্বমোট ১,২০,০০০ (এক লক্ষ বিশ হাজার) জন হজ্জযাত্রী পবিত্র হজ্জব্রত পালনের জন্য সৌদি আরব গমন করতে পারবেন।

| | | | |
|---|---|---|---|
| ২ | সরকারি ব্যবস্থাপনা ঃ | | |
| | ২.১ | সরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীগণের জন্য কোরবানী বাদে জনপ্রতি মোট খরচ ৩,০৩,৪৪০.০০(তিন লক্ষ তিন হাজার চারশত চল্লিশ) টাকা মাত্র নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়েছে ঃ | |
| | ক্রমিক | ব্যয়ের খাতসমুহ | টাকা |
| | ১. | বিমান ভাড়া ঃ | |
| | | (ক) বিমান ভাড়া (নীট) মার্কিন ডলার ১৪৭৫ (১৪৭৫×৮২.০০) | ১,২০,৯৫০.০০ |
| | | (খ) ইন্সিওরেন্স সারচার্জ মার্কিন ডলার ১০ (১০×৮২.০০) | ৮২০.০০ |
| | | (গ) জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০×২১.০০) | ১,০৫০.০০ |
| | | (ঘ) এম্বারকেশন ফি | ৩০০.০০ |
| | | (ঙ) এক্সাইজ ডিউটি | ৫০০.০০ |
| | | মোট = | ১,২৩,৬২০.০০ |
| | ২. | স্থানীয় সার্ভিস চার্জ ঃ<br>আইডি কার্ড, কব্জিবেল্ট, কিটব্যাগ, হজ্জ ও ওমরাহ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজ্জ ক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজ্জযাত্রীদের সেবা | ৫০০.০০ |
| | ৩. | আপৎকালীন ফান্ডঃ | ১০০.০০ |
| | ৪. | মোয়াল্লেম ফিঃ<br>মীনা-আরাফা-এ তাঁবু ভাড়া এবং জেদ্দা-মক্কা-মদীনা ও মীনা-আরাফা পরিবহন ফি ও সার্ভিস চার্জ, জেদ্দাস্থ ইউনাইটেড এজেন্সীর অতিরিক্ত ফি, মোয়াচ্ছাসার জম জমের পানি ইত্যাদি<br>সৌদি রিয়াল-১০৮৯+৫০+২০= (১১৫৯×২১.০০) | ২৪,৩৩৯.০০ |
| | ৫. | অতিরিক্ত সার্ভিস চার্জঃ<br>মোয়াল্লেম এবং মোয়াচ্ছাছাকে প্রদেয় অতিরিক্ত সার্ভিস চার্জ<br>সৌদি রিয়াল ৬০০ (৬০০×২১.০০) | ১২,৬০০.০০ |
| | ৬. | মক্কা ও মদিনায় বাড়ী ভাড়া ঃ<br>মক্কা ও মদিনায় কমন স্পেসসহ হজ্জযাত্রী প্রতি ৪.০ বর্গমিটার বাসস্থান এবং ১% অতিরিক্ত বাসস্থানসহ সৌদি রিয়াল (৫১০০+৪৩০+৫৬) = ৫৫৮৬× ২১.০০<br>বাড়ী ভাড়ার অব্যয়িত অর্থ ২০১০ ও ২০১১ সালের ন্যায় বাড়ী ভেদে সৌদি আরবে হজ্জযাত্রীদের অবশ্যই ফেরত প্রদান করা হবে। | ১,১৭,৩০৬.০০ |
| | ৭. | খাওয়া খরচ ঃ<br>দৈনিক ২৫(পঁচিশ) সৌঃরিঃ হারে ৩৫ দিনের খাওয়া খরচ বাবদ ২৫×৩৫×২১<br>(টাকা জমাদানকারী ব্যাংকের মাধ্যমে প্রত্যেক হজ্জযাত্রীকে ঢাকাস্থ হজ্জক্যাম্পে ফেরত প্রদান করা হবে) | ১৮,৩৭৫.০০ |
| | ৮. | হজ্জ গাইড ও প্রশিক্ষণ চার্জ ঃ | ৬,৬০০.০০ |
| | | সর্বমোট (১+২+৩+৪+৫+৬+৭+৮) = | ৩,০৩,৪৪০.০০ (তিন লক্ষ তিন হাজার চারশত চল্লিশ) |
| | | নোটঃ প্রতি মার্কিন ডলার ৮২.০০ ( বিরাশি) টাকা এবং প্রতি সৌদি রিয়াল ২১.০০ (একুশ) টাকা হারে ধরা হয়েছে) | |

তাছাড়াও প্রত্যেক হজ্জযাত্রীকে কুরবানী খরচ/দম বাবদ আনুমানিক ৪৫০.০০ (চারশত পঞ্চাশ) সৌঃরিঃ সমপরিমান ৯,৪৫০.০০(নয় হাজার চারশত পঞ্চাশ) টাকা (কম/ বেশি) পৃথকভাবে নিজ দায়িত্বে সংগে নিতে হবে।

চলমান পাতা-২

| | |
|---|---|
| ২.২ | **একজন হজ্জযাত্রীর প্রাপ্য সুবিধাসমূহ ঃ** (ক) সৌদি ভিসা, (খ) বিমানে সৌদি আরবে যাওয়া ও আসার সুযোগ, (গ) মক্কায় ক্বাবা শারীফ থেকে প্রায় ৭০০ মিটার হতে **সর্বোচ্চ ১৫০০ মিটার** ও মদিনায় মসজিদে নববী থেকে ১০০ মিটার হতে সর্বোচ্চ ৮০০ মিটারের মধ্যে তাসরিয়াযুক্ত বাড়ীতে আবাসন সুবিধা, (ঘ) মক্কা ও মদিনায় কমন স্পেসসহ ৪.০০ বর্গ মিটার জায়গায় ১টি খাট, ১টি বিছানা, ১টি বালিশ ও ১টি কম্বল, (ঙ) কক্ষ শীতাতপ নিয়ন্ত্রিত হবে (কোন কোন কক্ষে অতিরিক্ত ফ্যান থাকতে পারে), (চ) ৫-৮ জনের জন্য ১টি সংযুক্ত/কমন গোসলখানা/টয়লেট, (ছ) প্রতি বাড়ীতে সাপ্লাইয়ের পানির ব্যবস্থা, (জ) বাড়ীর প্রতি কক্ষে/ফ্লোরে এক বা একাধিক ফ্রিজ ও টিভি (ঝ) মীনায় তাঁবুতে প্রতি হাজীর জন্য সর্বোচ্চ ১ বর্গ মিটার জায়গা, (ঞ) অনুমোদিত রুটে জেদ্দা-মক্কা-মদিনা-মীনা-আরাফা-এ যাওয়া-আসার জন্য পরিবহন সুবিধা, (ট) মক্কা ও মদিনায় সাধারণ চিকিৎসা সুবিধা, (ঠ) আশকোনাস্থ হজ্জ ক্যাম্পের ডরমেটরীতে ফ্লাইটপূর্ব থাকার ব্যবস্থা, ক্যাফেটেরিয়াতে নিজ খরচে খাবারের ব্যবস্থা, হজ্জের আহ্‌কাম-আরকান সম্পর্কে নিবিড় প্রশিক্ষণ, বইপুস্তক সরবরাহ এবং কাস্টম/ইমিগ্রেশনের আনুষ্ঠানিকতা শেষে বাসযোগে বিমান বন্দরে পৌঁছানো, (ড) প্রতি ৪৫ জন হজ্জযাত্রীর জন্য ১ জন হজ্জকর্মী/অভিজ্ঞ গাইড নিয়োগ ও **(ণ) কুরবানী খরচ/দম বাবদ প্রত্যেক হজ্জযাত্রীকে আনুমানিক ৯,৪৫০.০০ (নয় হাজার চারশত পঞ্চাশ) টাকার সমপরিমান ৪৫০.০০ (চারশত পঞ্চাশ) সৌঃ রিঃ (কম/ বেশি) পৃথকভাবে নিজ দায়িত্বে সংগে নিয়ে যেতে হবে। কুরবানী/দম সৌদি আরবস্থ ইসলামী ডেভেলপমেন্ট ব্যাংক-এর মাধ্যমে প্রদান করাই শ্রেয় হবে।** |
| ২.৩ | **টাকা জমাদান ঃ** (ক) সরকারি ব্যবস্থাপনায় টাকা জমা দেয়ার শেষ **তারিখ ২০.০৬.২০১২খ্রিঃ**। উক্ত তারিখের পর কোন **অবস্থাতেই হজ্জের টাকা জমা নেয়া হবে না।** আবেদন ফরম জেলা প্রশাসকের কার্যালয়/ইসলামিক ফাউন্ডেশনের জেলা ও বিভাগীয় কার্যালয়/উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়/তালিকাভূক্ত ১২(বার) টি ব্যাংকের শাখাসমূহ এবং হজ্জ অফিস, আশকোনা, ঢাকা হতে সংগ্রহ করা যাবে। এছাড়াও ওয়েব সাইট www.hajj.gov.bd থেকে অন লাইনে ফরম পূরণ করে ডাউন লোড ও প্রিন্ট আউট নিয়ে স্বাক্ষর পূর্বক দাখিল করা যাবে। আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে **স্ব-স্ব জেলা প্রশাসকের কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশনের জেলা ও বিভাগীয় কার্যালয়, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে ২৫.০৬.২০১২খ্রিঃ তারিখের মধ্যে দাখিল করতে হবে।**<br>(খ) সরকারি ব্যবস্থাপনায় হজ্জযাত্রীর সংখ্যা নিরূপনের লক্ষ্যে আগ্রহী হজ্জযাত্রীগণকে আগামী **১৫.০৫.২০১২খ্রিঃ** তারিখের মধ্যে বুকিং মানি বাবদ **২৫,০০০/-(পঁচিশ হাজার)** টাকা জমা দেয়ার জন্য পরামর্শ দেয়া হলো। অবশিষ্ট (৩,০৩,৪৪০.০০-২৫,০০০.০০) = **২,৭৮,৪৪০.০০ (দুই লক্ষ আটাত্তর হাজার চারশত চল্লিশ)** টাকা আগামী **২০.০৬.২০১২খ্রিঃ** তারিখের মধ্যে জমা দিতে হবে।<br>(গ) অনিবার্য কারণবশত ঃ যদি কোন হজ্জযাত্রী বুকিং মানি জমা দিতে না পারেন, সেক্ষেত্রে **২০.০৬.২০১২খ্রিঃ** তারিখের মধ্যেও এককালীন সমুদয় অর্থ ৩,০৩,৪৪০.০০ **(তিন লক্ষ তিন হাজার চারশত চল্লিশ) টাকা** জমা দিতে পারবেন। |
| ২.৪ | **নির্ধারিত ব্যাংকসমূহ ঃ** হজ্জের ব্যয় বাবদ উক্ত সমুদয় অর্থ নিম্নে বর্ণিত তফসিলী ব্যাংকের যে কোন শাখায় জমা দেয়া যাবে |

| | | |
|---|---|---|
| | (ক) সোনালী ব্যাংক লিঃ | (ছ) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। |
| | (খ) অগ্রণী ব্যাংক লিঃ | (জ) ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ |
| | (গ) জনতা ব্যাংক লিঃ | (ঝ) আল-আরাফাহ ইসলামি ব্যাংক লিঃ |
| | (ঘ) রূপালী ব্যাংক লিঃ | (ঞ) দি সিটি ব্যাংক লিঃ |
| | (ঙ) পূবালী ব্যাংক লিঃ | (ট) প্রাইম ব্যাংক লিঃ |
| | (চ) বাংলাদেশ কৃষি ব্যাংক লিঃ | (ঠ) প্রিমিয়ার ব্যাংক লিঃ |

| | |
|---|---|
| ২.৫ | জেলা প্রশাসকগণ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালকের কার্যালয় হতে প্রাপ্ত ও তাঁর নিজ দপ্তরে প্রাপ্ত ফরমসমূহ যাচাই-বাছাই করে বিশেষ বাহক মারফত ৩০.০৬.২০১২খ্রিঃ তারিখের মধ্যে হজ্জ অফিস, আশকোনা, উত্তরা, ঢাকায় প্রেরণ করবেন এবং একটি করে তালিকা পুলিশ ছাড়পত্র এবং স্বাস্থ্য পরীক্ষার জন্য যথাক্রমে পুলিশ কমিশনার/পুলিশ সুপার ও মহানগর/জেলা/উপজেলা মেডিক্যাল বোর্ড প্রধানের নিকট প্রেরণ করবেন। |
| ২.৬ | হজ্জযাত্রীদের জন্য ঢাকাস্থ হজ্জ অফিসের মাধ্যমে ভিসা, বিমানের টিকেট ও বৈদেশিক মুদ্রার ব্যবস্থা করা হবে। |
| ২.৭ | হজ্জযাত্রীদেরকে নিজ.উদ্যোগে আর্ন্তজাতিক পাসপোর্ট সংগ্রহ করতে হবে। |
| ২.৮ | সরকারি ব্যবস্থাপনার সকল হজ্জযাত্রী কেবল হযরত শাহ জালাল (রাঃ) আর্ন্তজাতিক বিমানবন্দর, ঢাকা দিয়ে সৌদি আরব গমন করবেন। |
| ২.৯ | সরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের লাগেজে নাম, আর্ন্তজাতিক পাসপোর্ট নম্বর ও মোয়াল্লেম নম্বর ইংরেজীতে লেখা বাধ্যতামূলক। |
| ২.১০ | সৌদি আরবে মক্কায় অবস্থিত কাউন্সেলর (হজ্জ) এর সাথে পরামর্শক্রমে আশকোনাস্থ হজ্জ অফিসার, ঢাকা হজ্জযাত্রীদের মক্কার বাসা বরাদ্দ করবেন এবং মদিনায় বাংলাদেশ হজ্জ মিশন হজ্জযাত্রীদের মদিনার বাসা বরাদ্দ করবেন । |

চলমান পাতা-৩

| | | |
|---|---|---|
| ৩। | বেসরকারী ব্যবস্থাপনা ঃ | |
| | ৩.১ | **হজ্জ এজেন্সির মাধ্যমে গমনেচ্ছু হজ্জযাত্রী প্রতি ব্যয় ঃ** (ক) নীট বিমান ভাড়া (১৪৭৫ মাঃডঃ) টাঃ **১,২০,৯৫০/-(এক লক্ষ বিশ হাজার নয়শত পঞ্চাশ)** (খ) ইন্সিওরেন্স সার চার্জ (১০.০০ মাঃডঃ) টাঃ ৮২০ **(আটশত বিশ)** (গ) জেদ্দা ডিপারচার ট্যাক্স (৫০.০০ সৌঃরিঃ) **১০৫০/- (এক হাজার পঞ্চাশ)** টাকা (ঘ) এম্বারকেশন ফি ৩০০/- **(তিনশত)** টাকা (ঙ) এক্সাইজ ডিউটি ৫০০/-**(পাঁচশত)** টাকা (চ) স্থানীয় সার্ভিস চার্জ ৫০০/- **(পাঁচশত)** টাকা (ছ) আপৎকালীন ফান্ড ১০০/- **(একশত)** টাকা ও (জ) জেদ্দা-মক্কা-মদিনা-মিনা-আরাফাতের যাতায়াত ব্যয়, মিনায় তাবু ভাড়া ও মোয়াল্লেম ফি, ইউনাইটেড এজেন্সীর অতিরিক্ত ফি, মোয়াচ্ছাসার জম জমের পানি ইত্যাদি (১০৮৯+৫০+২০=১১৫৯ সৌঃরিঃ) **২৪,৩৩৯/- (চব্বিশ হাজার তিনশত উনচল্লিশ)** টাকাসহ অভিন্ন ব্যয় সর্বমোট ১,৪৮,৫৫৯/- (এক লক্ষ আটচল্লিশ হাজার পাঁচশত উনষাট) টাকা মাত্র। |
| | ৩.২ | এ ছাড়াও (ক) মিনা-আরাফা-এ মোয়াল্লেমের অতিরিক্ত সার্ভিস চার্জ, (খ) মক্কা-মদিনায় বাড়ী ভাড়া ব্যয়, (গ) হজ্জযাত্রীদের কুরবানী খরচ (কুরবানী নিশ্চিত করার জন্য সৌদি আরবে ইসলামী ডেভেলপমেন্ট ব্যাংক-এ অর্থ জমা করে মানি রিসিট প্রত্যেক হজ্জযাত্রীকে দিতে হবে) (ঘ) মক্কা, মদিনা ও মিনায় খাওয়া খরচ ও (ঙ) হজ্জ গাইড ও প্রশিক্ষণ চার্জ প্রত্যেক এজেন্সী নিজ নিজ হজ্জ প্যাকেজ অনুযায়ী নির্ধারণ করবে। |
| | ৩.৩ | বেসরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীগণ হযরত শাহ্জালাল (রাঃ) আর্ন্তজাতিক বিমান বন্দর ছাড়াও চট্টগ্রাম ও সিলেট বিমানবন্দর দিয়ে সৌদি আরব যেতে পারবেন। |
| | ৩.৪ | হজ্জ ব্যবস্থাপনার বিষয়ে সরকার ও হজ্জ এজেন্সীকে **আগামী ৩১.০৫.২০১২খ্রিঃ তারিখের মধ্যে দ্বি-পাক্ষিক চুক্তি সম্পাদন** করতে হবে। সরকার ও হজ্জ এজেন্সীর মধ্যে দ্বি-পাক্ষিক চুক্তি ব্যতিরেকে কোন হজ্জ এজেন্সী হজ্জ প্যাকেজ ঘোষণা করতে পারবে না। |
| | ৩.৫ | প্রত্যেক হজ্জ এজেন্সীকে হজ্জযাত্রীর সাথে সরকার নির্ধারিত ফরমে পৃথক পৃথক চুক্তি সম্পাদন করতে হবে। হজ্জ এজেন্সী ও হজ্জযাত্রীর মধ্যে দ্বি-পাক্ষিক চুক্তি সম্পাদন ব্যতিরেকে কোন এজেন্সী হজ্জ বাবদ অর্থ সংগ্রহ করতে পারবে না ও ভিসা প্রক্রিয়াকরণ হবে না। চুক্তির মূল কপি হজ্জযাত্রীর নিকট, একটি অনুলিপি ঢাকাস্থ হজ্জ অফিসে এবং অন্যটি হজ্জ এজেন্সীর নিকট সংরক্ষিত থাকবে । |
| | ৩.৬ | প্রত্যেক হজ্জ এজেন্সীকে হজ্জযাত্রীদের পূর্ণ নাম ঠিকানা ও মোবাইল নম্বর সম্বলিত একটি তালিকাসহ সরকার নির্ধারিত মোয়াল্লেম ফি, স্থানীয় সার্ভিস চার্জ ইত্যাদি আগামী **২০.০৬.২০১২খ্রিঃ** তারিখের মধ্যে নির্ধারিত ব্যাংকে জমা দিতে হবে। এসব তথ্য ব্যতীত কোন ব্যাংক হজ্জ এজেন্সীর নিকট থেকে অর্থ গ্রহণ করতে পারবে না। **উক্ত তারিখের পর কোন অবস্থাতেই হজ্জের টাকা জমা নেয়া হবে না।** |
| | ৩.৭ | হজ্জের ব্যয় বাবদ হজ্জযাত্রী প্রতি মোয়াল্লেম ফি, সার্ভিস চার্জ ও অন্যান্য ব্যয় বাবদ (২৪,৩৩৯+৬০০) = **২৪,৯৩৯ (চব্বিশ হাজার নয়শত উনচল্লিশ) টাকা ২০.০৬.২০১২খ্রিঃ** তারিখের মধ্যে সংশ্লিষ্ট হজ্জ এজেন্সীর নামে সোনালী ব্যাংক লিঃ এর নিম্নলিখিত শাখাগুলোতে জমা দেয়া যাবে ঃ |
| | | (ক) সোনালী ব্যাংক লিঃ, স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকা। |
| | | (খ) সোনালী ব্যাংক লিঃ, ফকিরাপুল শাখা, ঢাকা। |
| | | (গ) সোনালী ব্যাংক লিঃ, দিলকুশা কর্পোরেট শাখা, দিলকুশা, ঢাকা। |
| | | (ঘ) সোনালী ব্যাংক লিঃ, আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম। |
| | | (ঙ) সোনালী ব্যাংক লিঃ, কর্পোরেট শাখা, সিলেট। |
| | ৩.৮ | সরকার ঘোষিত হজ্জ প্যাকেজে নির্ধারিত **২৫.০৬.২০১২খ্রিঃ** তারিখের মধ্যে প্রত্যোকটি হজ্জ এজেন্সীকে উক্ত হজ্জ এজেন্সীর মাধ্যমে টাকা জমাদানকারী হজ্জযাত্রীদের তালিকা, মোয়াল্লেম ফি'সহ অন্যান্য ফি, বিমান ভাড়া, হজ্জ এজেন্সী কর্তৃক ঘোষিত হজ্জ প্যাকেজে বর্ণিত বাড়ী ভাড়া, খাওয়া খরচ ও অন্যান্য সুবিধা সমেত সম্ভাব্য ব্যয়ের সমূদয় অর্থ (সরকার ঘোষিত নূন্যতম প্যাকেজ মূল্য **৩,০৩,৪৪০.০০ টাকার** নিম্নে নয়) এজেন্সীর নিজস্ব ব্যাংক হিসাবে জমা হয়েছে মর্মে সংশ্লিষ্ট ব্যাংকের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও হাব কর্তৃক প্রতিস্বাক্ষরিত ব্যাংক ষ্টেটমেন্ট (জমা বিবরণী) হজ্জ অফিস, ঢাকার বরাবরে জমাদান নিশ্চিত করতে হবে এবং উহার অনুলিপি অবশ্যই ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। |
| | ৩.৯ | প্রত্যেক হজ্জ এজেন্সী হজ্জযাত্রীদের সমন্বিত তালিকা বিশেষ বাহক মারফত **২৫.০৬.২০১২খ্রিঃ** তারিখের মধ্যে **হজ্জ অফিস, আশকোনা, উত্তরা, ঢাকা-তে** প্রেরণ করবে এবং একটি তালিকা স্বাস্থ্য পরীক্ষার জন্য **মহানগর/জেলা/উপজেলা মেডিক্যাল বোর্ড প্রধানের** নিকট প্রেরণ করবে। |
| | ৩.১০ | আবেদন ফরম, চুক্তির ফরমসহ অন্যান্য ফরম হজ্জ অফিস, ঢাকা হতে সংগ্রহ করা যাবে, তাছাড়া সংশ্লিষ্ট ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে। |

স্মারক নং-ধবিম/হঃশাঃ/১-১৬/২০১১/১৭৬(২০০০) তারিখ-২১.০৩.২০১২খ্রিঃ

সদয় অবগতি ও কর্যার্থে প্রেরণ করা হ'ল। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা।
৩. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৪. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৫. সচিব, সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ..........................................
৬. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাদ, রিয়াদ, সৌদি আরব।
৭. অতিরিক্ত সচিব (হজ্জ অফিসার), হজ্জ অফিস, আশকোনা, উত্তরা, ঢাকা।
৮. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর।
৯. মহা-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
১০. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১১. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে)।
১২. ব্যবস্থাপনা পরিচালক, ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা , ঢাকা।
১৩. ব্যবস্থাপনা পরিচালক/ভাইস প্রেসিডেন্ট, প্রধান কার্যালয়, ঢাকা।
(ক) সোনালী ব্যাংক লিঃ,(খ) অগ্রণী ব্যাংক লিঃ (গ) জনতা ব্যাংক লিঃ (ঘ) রূপালী ব্যাংক লিঃ (ঙ) পূবালী ব্যাংক লিঃ (চ) বাংলাদেশ কৃষি ব্যাংক (ছ)ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ (জ) আল-আরাফাহ ইসলামি ব্যাংক লিঃ (ঝ) দি সিটি ব্যাংক লিঃ (ঞ) প্রিমিয়ার ব্যাংক লিঃ (ট) প্রাইম ব্যাংক লিঃ ও (ঠ) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। (এ বিষয়ে তাঁর আওতাধীন শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হ'ল)।
১৪. যুগ্ম-সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. কনসাল জেনারেল, কনসুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
১৬. পরিচালক,রোগ নিয়ন্ত্রণ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৭. জেলা প্রশাসক (সকল)..................................................।
১৮. কাউন্সিলর (হজ্জ), বাংলাদেশ হজ্জ মিশন, মক্কা, সৌদি আরব।
১৯. পুলিশ সুপার, (সকল)..................................................।
২০. সিভিল সার্জন (সকল)..................................................।
২১. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২২. সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল)......................................।
২৪. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার (সকল).............................।
২৫. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন (সকল জেলা)।
২৬. জনসংযোগ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
২৭. সভাপতি/মহাসচিব, হজ্জ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সাত্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা (সকল হজ্জ এজেন্সীকে অবহিত করণের অনুরোধসহ)।
২৮. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার দৈনিক...........................................পত্রিকা-সংযুক্ত হজ্জ প্যাকেজটি স্মারক নং সহ তাঁর পত্রিকার নির্দিষ্ট কলামে ১(এক)দিনের জন্য ভিতরের পাতায় প্রকাশের অনুরোধ করা হলো।
২৯. হজ্জ এজেন্সী ..........................................................................................

(সমাপ্ত)

২১/০৩/২০১২ইং

(মোঃ জাহাংগীর আলম)
উপ-সচিব (হজ্জ)